মেহেরপুরে জমে উঠেছে ফুটপাতের গরম কাপড়ের হাট

মেহেরপুরে জমে উঠেছে ফুটপাতের। শীতের তীব্রতা যতই বাড়ছে, গরম কাপড়ের হাটে ততই ভিড় জমছে। আর দেখে মনে হচ্ছে, ভেদাভেদ ভুলে ধনী-গরিব সবাই যেন মিলিত হয়েছে এই গরম কাপড়ের হাটে।

ফুটপাতে পাওয়া যাচ্ছে বিভিন্ন ডিজাইনের শীতের পোশাক। উপজেলার বিভিন্ন অঞ্চল থেকে আগ্রহীরা তাদের চাহিদামতো পোশাক কিনতে আসছে। এই গরম কাপড়ের হাটটি মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে অবস্থিত। বামন্দীর এই বাজারটি বসে শুক্রবার ও সোমবার। এছাড়াও গাংনী শহরেও ফুটপাতে বসেছে গরম কাপড়ের বাজার।

বামন্দী বাজারের ব্যবসায়ী বাবলু হোসেন বলেন, শীতের শুরুতে তেমন বেচাকেনা ছিল না। শীত পড়ার কারণে বেচাকেনা বেড়েছে।

বেচাকেনা ভালো হলে মনেও আনন্দ থাকে। শীতের তীব্রতা বেড়েছে, এতে মানুষ ছুটে আসছে গরম কাপড় কিনতে। আমরা বিভিন্ন ডিজাইনের পোশাক তুলেছি। এখানে সব ধরনের মানুষ পোশাক কিনতে আসে। পুরাতন পোশাকের মধ্যেও অনেক ভালো পোশাক পাওয়া যায়।

নাজমুল হোসেন নামের একজন ব্যবসায়ী বলেন, সারা বছর তেমন বেচাকেনা না হলেও শীত মৌসুমে খুব ভালো বেচাকেনা হয়। ভালো মানের পোশাক আনার চেষ্টা করি। ব্যবসা ভালো হচ্ছে, লাভেও পুষিয়ে যাচ্ছে।

পোশাক ক্রয় করতে আসা আবুল হোসেন বলেন, শীত যেন হাড়ে ঠেকছে। এখানে কম দামে পুরাতন পোশাক পাওয়া যায়, তাই কিনতে এসেছি। পরিবারের সবার জন্য নেওয়ার চেষ্টা করব। তাছাড়া গার্মেন্টস থেকে এত দামের পোশাক সবার জন্য কেনা সম্ভব না। গার্মেন্টসের একটি পোশাকের দামে এখানে সবার পোশাক হয়ে যাবে।